

আবরারের ঘটনায় বুয়েটের তদন্ত কমিটি গঠন


নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০৮ অক্টোবর ২০১৯, ২৩:৫০

আপডেট: ০৮ অক্টোবর ২০১৯, ২৩:৫৪



৬



অবরুদ্ধ থাকার পর নিজ কার্যালয় থেকে রাত ১১টার দিকে বের হন বুয়েট উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম। ঢাকা, ৮

অক্টোবর। ছবি: প্রথম আলো

আবরার ফাহাদ


হত্যার ঘটনায় তাঁর শিক্ষাপ্রতিষ্ঠান বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পক্ষ থেকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

নিজ কার্যালয়ে অবরুদ্ধ অবস্থা থেকে বের হওয়ার সময় মঙ্গলবার রাত ১১ টার দিকে এই তথ্য জানান উপাচার্য সাইফুল ইসলাম।

উপাচার্য বলেন, তাঁরা এই হত্যাকাণ্ডের ঘটনায় ছয় সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছেন। কমিটির প্রতিবেদন অনুসারে

অভিযুক্তদের বিরুদ্ধে অ্যাকাডেমিক শাস্তির ব্যবস্থা নেওয়া হবে। তবে কত কার্যদিবসের মধ্যে তদন্ত কমিটি এই প্রতিবেদন দেবে বা

এই কমিটিতে কে কে আছেন তা তাৎক্ষণিক জানা যায়নি।



এ সময় উপাচার্যের কাছে সাংবাদিকেরা জানতে চান, তিনি এত সময় পর কেন শিক্ষার্থীদের সামনে আসলেন? তখন অধ্যাপক সাইফুল ইসলাম বলেন, তিনি এই সময় বসে ছিলেন না। তিনি, শিক্ষা মন্ত্রণালয়সহ প্রয়োজনীয় মন্ত্রণালয় ও সরকারের সঙ্গে কথা বলেছেন। তাঁর ভাষ্য, যারা গ্রেপ্তার হলেন তারা তো আর এমনে এমনে গ্রেপ্তার হয়নি। এ জন্য তাঁকে কাজ করতে হয়েছে।

উপাচার্য তাঁর কার্যালয় থেকে বের হওয়ার সময় আরও বলেন, আগামী ১৪ অক্টোবর বুয়েটে যে ভর্তি পরীক্ষা আছে তা আন্দোলনের কারণে বন্ধ করা শিক্ষার্থীদের উচিত হবে না। তাঁর মতে, ভর্তি পরীক্ষা পূর্বৰোধিত সময় অনুসারে অনুষ্ঠিত হতে দেওয়া উচিত। তিনি বলেন, আবরার হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের তিনিও শাস্তি চান।

অবরুদ্ধ থাকার পাঁচ ঘণ্টার মাথায় নিজ কার্যালয় থেকে বের হন উপাচার্য। মঙ্গলবার সন্ধ্যা ছয়টার পর শিক্ষার্থীদের সামনে আসেন সাইফুল ইসলাম। এরপর নিজ কার্যালয়ের সামনে শিক্ষার্থীদের সঙ্গে তিনি কথা বলেন। তবে শিক্ষার্থীদের সঙ্গে তাঁর কথার সমন্বয় ঘটেনি। ফলে তিনি নিজ কার্যালয়ের ভেতরে চলে যান। পরে শিক্ষার্থীরা কার্যালয়ের ফটকে তালা ঝুলিয়ে দিলে কার্যত তিনি অবরুদ্ধ হয়ে পড়েন। পরে রাত পৌনে দশটার দিকে শিক্ষার্থীরা রাতের মতো আন্দোলন স্থগিত করে [উপাচার্যের কার্যালয়ের তালা খুলে দেন।](#) এরপর আরও ঘণ্টা খানেক উপাচার্য তাঁর কার্যালয়ে অবস্থান করেন।